গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

স্মারক নম্বর: ২১.০০.০০০০.০৫৮.১৬.২৬১.২৩-১১১৮

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: উদ্ভাবনী ধারণা আহবান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১.১;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উদ্ভাবন বা ইনোভেশন মানে হচ্ছে সময়, ধাপ ও খরচ কমিয়ে সরকারি সেবাকে জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া অথবা নিজ অফিস ব্যবস্থাপনার সহজিকরণ। যুক্তরাজ্যের ন্যাশনাল অডিট অফিসের এক প্রতিবেদনে সরকারি উদ্ভাবন বলতে বুঝানো হয়েছে "অন্য কোন প্রতিষ্ঠান, সেক্টর বা দেশ হতে কোন সৃজনশীল চর্চা নিজ ক্ষেত্রে অনুকরণ করা; অথবা সম্পূর্ণ নতুন একটি চর্চার অবতারণা করা; যা প্রশাসনিক পদ্ধতি অথবা সেবা প্রদানের প্রক্রিয়ায় ইতিবাচক পরিবর্তন আনে। এটি ছোটখাট পরিবর্তন হতে পারে যা ক্রমাগতভাবে বিদ্যমান ব্যবস্থা ও পদ্ধতির ধারাবাহিক উন্নয়নে ভূমিকা রাখে"।

০২। আপনার যেকোন উদ্ভাবন ধারণা নাগরিকের অনেক বড় কষ্ট লাঘবে কিংবা অফিস ব্যবস্থাপনার সহজিকরণে ভূমিকা রাখতে পারে। সে লক্ষ্যে, আপনার চাকরী জীবনের লব্ধ অভিজ্ঞতা থেকে উদ্ভাবনী ধারণা প্রদান করে সরকারের এই মহতি উদ্যোগকে সাফল্য মন্ডিত করার জন্য অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য, প্রাপ্ত আইডিয়াসমূহের বাস্তবায়নের জন্য উদ্ভাবকগণকে পরবর্তী পর্যায়ে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হবে এবং নির্বাচিত শ্রেষ্ঠ ০৩টি আইডিয়া বাস্তবায়ন করা হবে ও 'ইনোভেশন পুরস্কার ২০২৩-২৪' প্রদান করা হবে।

০৩। এমতাবস্থায়, আপনার ব্যক্তিগত ও গ্রুপ ভিত্তিক যে কোন উদ্ভাবন ধারণা নিম্নবর্ণিত ই-মেইলে আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

R. Shahriar 22.09.2023

(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২-৯১৮০৬৫৮
ই-মেইল: rafid.shahriar@imed.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১) মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২) প্রধান, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৩) মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪) পরিচালক/ উপসচিব/ সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার/ সিস্টেম এনালিস্ট, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৫) সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৬) উপপরিচালক/ সিনিয়র সহকারী সচিব/ প্রোগ্রামার, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৭) সহকারী পরিচালক/ সহকারী প্রোগ্রামার/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ সিনিয়র কম্পিউটার অপারেটর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৮) মূল্যায়ন কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা/ ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

**সদয় অবগতি:**

০১) সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৩) যুগ্মসচিব (সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৪) অফিস কপি।